

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৩৪৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪১. দ্বিতীয় অনুচ্ছেদ - সফরের সালাত

### আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: صَلَّيْتُ مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الظُّهْرَ فِي السَّفَرِ وَكُعْتَيْنِ وَفِي رِوَايَةٍ قَالَ: صَلَّيْتُ مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْحَضَرِ وَالسَّفَرِ فَصَلَّيْتُ مَعَهُ فِي الْحَضَرِ الظُّهْرَ أَرْبَعًا وَبَعْدَهَا رَكْعَتَيْنِ وَصَلَّيْتُ مَعَهُ فِي السَّفَرِ وَالسَّفَرِ فَصَلَّيْتُ مَعَهُ فِي السَّفَرِ الظُّهْرَ رَكْعَتَيْنِ وَلَمْ يُصَلِّ بَعْدَهَا شَيْئًا وَالْمَغْرِبُ فِي الطَّهْرَ رَكْعَتَيْنِ وَلَمْ يُصَلِّ بَعْدَهَا شَيْئًا وَالْمَغْرِبُ فِي الطَّهُرَ رَكْعَتَيْنِ وَالسَّفَرِ سَوَاءٌ ثَلَاثُ رَكَعَاتٍ وَلَا يَنْقُصُ فِي حَضَرٍ وَلَا سَفَرٍ وَهِي وِتْرُ النَّهَارِ وَبَعْدَهَا رَكْعَتَيْنِ. رَوَاهُ التِّرْمِذِي

#### বাংলা

১৩৪৩-[১১] 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি নবীকারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে সফরে দু' রাক্'আত যুহর এবং এরপর দু' রাক্'আত (সুন্নাত) আদায় করেছি। আর এক বর্ণনায় আছে, 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) বলেন, আবাসে ও সফরে আমি নবীকারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করেছি। আবাসে তাঁর সাথে যুহর সালাত (সালাত/নামায/নামাজ) চার রাক্'আত আদায় করেছি এবং সফরে দু' রাক্'আত ও 'আসর দু' রাক্'আত আদায় করেছি। এরপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আর কোন সালাত আদায় করেহেন মাগরিবের সালাত আদায় করেছেন আবাসে ও সফরে সমানভাবে তিন রাক্'আত। আবাসে ও সফরে কোন অবস্থাতেই মাগরিবের বেশ কম হয় না। এটা হলো দিনের বিতরের সালাত। এরপর তিনি আদায় করেছেন দু' রাক্'আত (সুন্নাত)। (তিরমিযী)[1]

## ফুটনোট

[1] য'ঈফ: আত্ তিরমিয়ী ৫৫২, শারহুস্ সুন্নাহ ১০৩৫। ইমাম আত্ তিরমিয়ী (রহঃ) বলেছেন, আমি ইমাম বুখারী (রহঃ)-কে বলতে শুনেছি, তিনি বলেছেন, ইবনু আবী লায়লা এর চেয়ে আশ্চর্যজনক হাদীস আর বর্ণনা করেনি।



#### ব্যাখ্যা

ব্যাখ্যা: নাবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম সফর কিংবা মুকীম অবস্থায় মাগরিবের সালাতের বেশ-কম করতেন না। কারণ ক্বসর শুধু চার রাক্'আত বিশিষ্ট সালাতের মধ্যেই সীমাবদ্ধ। যা হোক, আলোচ্য বর্ণনা দু'টি প্রমাণ করে যে, সফরে নিয়মিত সুন্নাত (দৈনিক ১২ রাক্'আত সুন্নাত) পড়া জায়িয। এ বিষয়ে বিস্তারিত আলোচনা অতিবাহিত হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন